# CHILDREN'S CORNER INSTITUTION

**Nursery - Madhyamik**

**Dise Code: 19182104009 * ISO: 9001:2015**

*Estd in 1985 by Z.H Halder * Run by - Children's Corner*

Fun Activities

Fully Equipped Libraries

Personality Development

Experienced Teachers

CHILDREN'S CORNER, AN EDUCATIONAL TRUST

INSTITUTION FOR BRIGHTER FUTURE

ESTD - 1985

SANGRAMPUR, USTHI, SOUTH 24 PGS




# ILHAAM MISSION

**(V-XII) Only for girls Residential**

**Run by - Children's Corner**

# প্রসপেক্টাস 2026


+ Office:- +91 9091850061 || ILHAAM - 9163588008 / 8637376446

www.childrenscorner.in  childrenscorner85@gmail.com

Sangrampur, P.O- Kalikapota, P.S- Usthi, S 24 Pgs, PIN- 743355

| EXAM NAME | BENG | ENG | MATH | L.SCI | P.SCI | HIST | GEO | G.K | EVS | SD | CS | MATH-II | ENG-II | SCI-II | GUARDIAN SIGN |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1ST UNIT | | | | | | | | | | | | | | | |
| 1ST TERM | | | | | | | | | | | | | | | |
| 2ND UNIT | | | | | | | | | | | | | | | |
| 2ND TERM | | | | | | | | | | | | | | | |
| 3RD TERM | | | | | | | | | | | | | | | |

## ২০২২, ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালের মাধ্যমিক পরীক্ষার ফলাফল

| 2025 MADHYAMIK RESULT | APPEARED | PASSED | ABOVE 80 % | ABOVE 60% (1st DIV.) |
|---|---|---|---|---|
| | 26 | 26 | 4 | 16 |

| ANISH MANNA | SUHITA SAMRIN | SOHEL TANBIR MOLLA |
|---|---|---|
| 605 (86.42%) | 604 (86.28%) | 603 (86.14%) |

| 2024 MADHYAMIK RESULT | APPEARED | PASSED | ABOVE 90 % | ABOVE 75% (Star) | ABOVE 60% (1st DIV.) |
|---|---|---|---|---|---|
| | 10 | 10 | 1 | 4 | 5 |

| KRISHNENDU JAMRAJ | SHIRIN SABNUM | SULAIMAN MOLLA |
|---|---|---|
| 598 (85.40%) | 557 (79.50%) | 520 (74.20%) |

| 2023 MADHYAMIK RESULT | APPEARED | PASSED | ABOVE 80 % | ABOVE 60% (1st DIV.) |
|---|---|---|---|---|
| | 17 | 17 | 4 | 10 |

| Ansaria Khatun | SAHIN PARVIN | ROSHNI PARVIN |
|---|---|---|
| 624 (89.10%) | 595 (85.00%) | 577 (82.40%) |

| 2022 MADHYAMIK RESULT | APPEARED | PASSED | ABOVE 80 % | ABOVE 60% (1st DIV.) |
|---|---|---|---|---|
| | 17 | 17 | 4 | 10 |

| SOMA MAKHAL | NASIMA KHATUN | SAHELI BAIDYA |
|---|---|---|
| 619 (88.40%) | 588 (84.00%) | 576 (82.30%) |

।। এই অংশটি শিক্ষার্থীর অভিভাবক স্পষ্ট করে লিখবেন ।।

রঙিন ফটো

# শিক্ষার্থীর পরিচয়

নামঃ.................................................................................................................

শ্রেণী ঃ ................................ বিভাগ ঃ ....................... ক্রমিক নং ঃ.................

জন্ম তারিখ ঃ .............................................. রক্তের গ্রুপ ঃ ...........................

ক্রনিক অসুস্থতা আছে কিনা ? থাকলে কি ধরণেরঃ.........................................

বাবার নাম ঃ.......................................................................................................

মায়ের নাম ঃ .....................................................................................................

ঠিকানা ঃ- গ্রামঃ .............................................. পোষ্টঃ.................................

থানা .................................................. জেলা ঃ................................................

পিন কোড নং ঃ........................................... ফোন নং ঃ.................................

হোয়াটসঅ্যাপ নম্বর ...........................................................................................

শ্রেনীশিক্ষক/শিক্ষিকার স্বাক্ষর — ভারপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর

সিনহের্জ কর্নার ইনস্টিটিউশন

**বিদ্যালয় প্রতিষ্ঠাতা শ্রদ্ধেয় আলহাজ্ব জহুরুল হক হালদার মহাশয়ের স্মরণে**

# তোমার আসন শূন্য আজি হে বীর পূর্ণ করো...

## রেক্টর, চিলড্রেন্স কর্ণার

## চির বিদায় ঃ- ১২ / ১০ / ২০১৬ (মহরমের দিন)

মাননীয় **আলহাজ্ব জহুরুল হক হালদার** মহাশয় আজ আমাদের মাঝে নেই। তিনি আমাদের চোখে অশ্রু ঝরিয়ে এই পার্থিব জগত থেকে চিরদিনের জন্য বিদায় নিয়েছেন ২০১৬-সালের ১২ ই অক্টোবর (মহরমের দিন)। তাঁর অক্লান্ত পরিশ্রমে চিলড্রেন্স কর্ণার আজ সফলতার শিখরে। তিনি আমাদের শিখিয়ে গেছেন একটি আদর্শ শিশু-শিক্ষা প্রতিষ্ঠানে শিশুদের ভীত ও ভবিষ্যৎ কেমন করে তৈরি করতে হয়। তিনি এমন এক ব্যক্তি যিনি সপ্তগ্রাম এলাকার শিশু শিক্ষার মানচিত্রটা উন্নত করেছিলেন ও তাঁর পটভূমি তৈরি করে দিয়েছিলেন। তাঁর আদর্শে অনুপ্রাণিত হয়ে আজ সপ্তগ্রাম অঞ্চলে অনেক শিশু শিক্ষা প্রতিষ্ঠান তৈরি হয়েছে। তাঁর সরল জীবনে তিনি কারো সাথে কখনো খারাপ ব্যবহার করেননি। শিক্ষা পাগল এই মানুষটি সরকারি অগ্নিনির্বাপক হলেও আদ্যোপ্রান্ত একজন শিক্ষক ছিলেন এবং শিক্ষার মাধ্যমে সপ্তগ্রাম এলাকায় সামাজিক পরিবর্তন, ও সার্বিক উন্নতি করার কথা ভেবেছেন। কখনো অফিসে যাওয়ার আগে, কখনো অফিস থেকে ফিরে বিদ্যালয়ের উন্নতিকল্পে নিরলস প্রচেষ্টা করেছেন। নিজের পরিবার, সন্তানদেরকে সময় দেওয়ার সাথে সাথে বিদ্যালয়কেও সন্তানসম মমতায় সময় দিয়েছেন প্রচুর। আর তারই ফল আজকের চিলড্রেন্স কর্ণার। ব্যক্তিগত জীবনের প্রায় সব সুখ বিসর্জন দিয়ে এবং নিজের কষ্টার্জিত বহুসম্পদ বিদ্যালয়ের উন্নতিকল্পে কাজে লাগিয়ে তিনি আমাদেরকে সমাজসেবা করতে শিখিয়েছেন। আজ আমরা সকলেই তাঁর অভাব অনুভব করছি। তাঁর শেখানো পথে যেন আমরা সকলেই চলতে পারি।

পরম করুণাময়ের কাছে তাঁর আত্মার চিরশান্তি কামনা করি, ও তাঁর বেহেস্তের (স্বর্গ) জন্য দোয়া করি। যেমনভাবে এই পৃথিবীতে তিনি সকলের প্রিয় ছিলেন মৃত্যুর পরও তিনি যেন প্রভুর কাছে প্রিয় হয়ে থাকেন। সকলের কাছে দোয়া, প্রার্থনা প্রত্যাশী।



শ্রদ্ধার্ঘ্য নিবেদন

চিলড্রেন্স কর্ণার পরিবারের সকল সদস্য ও
বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা মন্ডলী

# স্মৃতির উদ্দেশ্যে

## (বিদায় কমলাদি বিদায়)

১৯৮৫ সালে প্রতিষ্ঠার পর চিলড্রেন্স কর্ণার নার্সারী ও কে.জি স্কুল সাংস্কৃতিক জগতে ঝড় তুলছিলেন আমাদের প্রিয় কমলাদিদির সাংস্কৃতিক দক্ষতার মাধ্যমে।

শুধু কি গান ? হাতের লেখা, বাচনভঙ্গি, সকলকে ভালবেসে কাছে টেনে নেওয়ার ক্ষমতা ছিল তাঁর অসাধারণ। ২০০৭ সালে তিনি পরলোক গমন করলেন। তাঁর অকাল প্রয়াণে আমরা গভীরভাবে মর্মাহত, ব্যাথিত। তাঁর স্থান কোনদিন পূর্ণ হবার নয়, তবে তাঁর আদর্শকে পাথেয় করে আমরা এগিয়ে চলব। চিরকাল তিনি আমাদের মনের মণিকোঠায় ভাস্বর হয়ে থাকবেন। আমরা তাঁর আত্মার শান্তি কামনা করি।

# ‘সুপর্ণা রায় চৌধুরি (গোপাদি)

দীর্ঘদিন আমাদের সঙ্গে কাজ করেছেন তিনি। বিদ্যালয়কে নানা ভাবে সাহায্য সহযোগিতা করেছেন তিনি মনপ্রাণ দিয়ে। তৈরী করেছেন ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক ও অন্যান্য সমাজসেবী। আজ তিনি আমাদের সঙ্গে থাকলে হয়তো আরো কিছু করে দেখাতেন। কিন্তু তা আর সম্ভব হল না প্রকৃতির অমোঘ বিধানের কাছে। প্রকৃতির চির সত্য মৃত্যুর হাত থেকে তিনি বাঁচতে পারলেন না। ২০১০ সালের ৬ই জানুয়ারী তিনি ইহলোক ত্যাগ করলেন।

‘তাঁর পরোকালের জীবন সুখের হোক’

- *বিদ্যালয়ের সকল শুভাকাঙ্খী*

---

**‘অন্তরে অতৃপ্তি রবে সাঙ্গ করি মনে হবে,**
**শেষ হইয়া হইলা না শেষ’।**

**- রবীন্দ্রনাথ ঠাকুর**



# Sabir Hossain Halder

## *Managing Trustee*

### Children's Corner

## ম্যানেজিং ট্রাস্টির কলমে

পরম করুণাময়ের কৃপায় আমি আদর্শ পিতা ও গুরু হিসাবে পেয়েছিলাম শিক্ষাবিদ তথা চিলড্রেন্স কর্নারের প্রতিষ্ঠাতা মাননীয় জহুরুল হক হালদার এর মধ্যে। তিনি কী করতে চেয়েছিলেন বা তাঁর পরিকল্পনা কী ছিল তা আমার সাথে একান্তে আলোচনা হতো। তাঁর ভাবনা-চিন্তার বাস্তবায়ন ও চিলড্রেন্স কর্নার ইনস্টিটিউশানের সার্বিক উন্নয়ন আমার কাছে সর্বাগ্রে গুরুত্বপূর্ণ। ২০১৬ সালে বিদ্যালয় প্রতিষ্ঠাতা তথা আমার পরম গুরু, পিতার অকাল প্রয়াণের পর থেকে আমার সার্বিক প্রচেষ্টা ছিল বিদ্যালয়ের মানোন্নয়ন ও সাফল্যের ধারা অব্যাহত রাখা। নানা ঘাত প্রতিঘাত সামলে অর্থনৈতিকভাবে ভেঙে পড়া প্রতিষ্ঠানটিকে নড়বড়ে হতে না দেওয়াই ছিল প্রথম লক্ষ্য। প্রাথমিক ধাক্কা কাটিয়ে উঠতে না উঠতেই করোনা মহামারীর বিশাল ধাক্কা। বিদ্যালয়ের ভাড়ার বিল্ডিং-এ বিশাল অর্থ খরচ, নতুন জায়গার ব্যবস্থা করা এসব সামলানো সম্ভব হতো না, যদি বহু শুভাকাঙ্খীকে পাশে না পেতাম (এক্ষেত্রে শ্রদ্ধেয় Reaj Ahmed, T.R Alam অন্যতম উল্লেখযোগ্য)। উল্লেখ্য মাননীয় জহুরুল হক হালদার মহাশয়ের সুযোগ্য অর্ধাঙ্গিনী মহিয়সী সাজিদা হালদার মহাশয়া অর্থাৎ আমার মা বিদ্যালয়ে ভূমি দান করেছেন এবং সেই সঙ্গে প্রতিষ্ঠানের সুখে দুখে সর্বদা সাথে থাকছেন। তাঁর মতো বহু গুনী মানুষের দোয়া আমাদের পথ চলার অনুপ্রেরনা। ঋণের বোঝা বাড়লেও বিদ্যালয়ের নিজস্ব যে জায়গা আছে তার উপর নতুন উন্নত পরিষেবাযুক্ত বিল্ডিং বানানো এখন সব থেকে বড় চ্যালেঞ্জ। এরই মধ্যে বিগত সালগুলিতে মাধ্যমিক পরীক্ষায় আমাদের ছাত্র-ছাত্রীদের উল্লেখযোগ্য ভালো ফলাফল আরো ভালো কিছু করতে অনুপ্রেরণা দিচ্ছে। ছাত্রছাত্রীদের আরো ভালো পরিষেবা দিতে পঞ্চম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ছাত্র ও ছাত্রীদের পৃথক বিল্ডিংয়ে পৃথক ক্লাস করা শুরু হয়েছে। পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রীদের জন্য আবাসিক ও অর্ধাবাসিক সুবিধা

দিতে **'ইলহাম মিশন'** আত্মপ্রকাশ করেছে। ২০২৫ শিক্ষাবর্ষ থেকে ছাত্রদের জন্যও অর্ধাবাসিক ব্যবস্থা শুরু করা হচ্ছে। একাদশ-দ্বাদশ শ্রেণীর বিজ্ঞান বিভাগ, NEET, JEE Main, IIT মুখী প্রশিক্ষণ দেওয়া শুরু হয়েছে। WBCS ও অন্যান্য চাকরি মুখী বিভিন্ন কোর্স পরিচালনা করা এখন আমাদের প্রায়োরিটি। সেই সাথে শিশুকেন্দ্রিক শিক্ষাকে গুরুত্ব দিয়ে শিশুর মানসিক, বৌদ্ধিক, সাংস্কৃতিক, প্রাক্ষোভিক ইত্যাদি গুণাবলীর সুষ্ঠু বিকাশে নানা উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। শিশুকে ভবিষ্যতের সুনাগরিক তথা মানুষের মতো মানুষ হিসেবে গড়ে তুলতে ম্যান মেকিং এডুকেশনকে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। তাদের সুষ্ঠু সামাজিকীকরণ, নৈতিক, চারিত্রিক, সাংস্কৃতিক, প্রক্ষোভিক গুনাবলীর বিকাশ সাধনের মাধ্যমে আমরা প্রত্যেক পিতা-মাতার স্বপ্নকে বাস্তবায়ন করতে সচেষ্ট। সাইকোলজিক্যাল কাউন্সেলিং ও মোটিভেশন এক্ষেত্রে খুব গুরুত্বপূর্ণ এবং সেই কারণে আমরা বিখ্যাত শিক্ষাবিদ, প্রশংসনীয় ব্যক্তিবর্গকে বিদ্যালয়ে সংযুক্ত করেছি। নিয়মিত অভিভাবকের যোগাযোগ রাখা, সাইকোলজিক্যাল কাউন্সেলিং ও মোটিভেট করার মাধ্যমে স্বতঃস্ফূর্তভাবে শিক্ষার্থীরা যাতে আরো ভালো কিছু করতে পারে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হয়েছে। বিগত বছরগুলির সাফল্য, সপ্তগ্রাম এলাকার বেশীরভাগ তথাকথিত সফল ছাত্র-ছাত্রীদের জীবনে প্রতিষ্ঠিত হতে সাহায্য করতে পারা এবং সাম্প্রতিককালে মাধ্যমিক পরীক্ষায় বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ভালো রেজাল্ট আমাদের বিশ্বাসযোগ্যতা ও দায়বদ্ধতা অনেকাংশে বাড়িয়েছে। পরিকল্পনা অনেক আছে, সেগুলির বাস্তবায়ন করতে আপনাদের সহযোগিতা ও সহমর্মিতা খুবই দরকার। কাজ করতে গেলে ভুল হয়; তাই আমাদের প্রতিষ্ঠানের যে কোনো সিদ্ধান্ত আপনাদের অপছন্দ বা ভুল মনে হলে সংশোধনার্থে যথাপোযুক্ত উপায়ে পরামর্শ দিয়ে প্রতিষ্ঠানকে সমৃদ্ধ করলে বাধিত থাকবো। সকলের কাছে দোয়া, আর্শীবাদ প্রার্থী।



ভূমিদাত্রী
সাজিদা হালদার

সাবির হোসেন হালদার
ম্যানেজিং ট্রাস্টি
চিলড্রেন্স কর্নার

# বিদ্যালয়ের প্রধান শিক্ষিকার কলম

বর্তমানে এই স্কুলের প্রধান শিক্ষিকার দায়িত্বভার, বিদ্যালয়ের সমস্ত অভিভাবক অভিভাবিকা ও শিক্ষক -শিক্ষিকাগণের সহযোগিতায় পালন করার চেষ্টা করে চলেছি। এই গুরু দায়িত্ব অতীতে কোন এক বিশেষ দিনে এই বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা **শ্রদ্ধেয় জহুরুল হক হালদার** মহাশয়, (অবশ্য আমার কাছে তিনি **"জহুর দা"**) এক ছোট্ট অনুষ্ঠানের মাধ্যমে দিয়েছিলেন। আমার ভাবতে অবাক লাগে কিভাবে যে গুটি গুটি পায়ে, নানা ঘাত প্রতিঘাতের মধ্যে দিয়ে দীর্ঘ পথ পার করে ৪০ বছরে পদার্পন করে ফেলেছি। যতবার ভাবি আর বেশি দিন নয়, এবার এই মায়া কাটাতেই হবে সে আর হয়ে ওঠে না। বর্তমানে চিলড্রেন্স কর্নারের সার্বিক কর্ম কান্ডের পরিচালক সাবির হোসেন তো আমারই হাতে তৈরী করা ছাত্র। সেই ছোট্ট ছেলেটাও আমাকে মায়ার বাঁধনে বেঁধে ফেলেছে। তবুও প্রকৃতির নিয়মে একদিন তো যেতেই হবে। কিন্তু ঈশ্বরের কাছে প্রার্থনা করি যেন এই ছোট্ট ছেলেটা বিদ্যালয়ের উন্নতির চাবিকাঠিটা শক্ত হাতে ধরে বিদ্যালয়ের সুনাম চারিদিকে ছড়িয়ে দিতে পারে। সত্যি কথা বলতে, বিদ্যালয়টি আমার শয়ন, স্বপন, জাগরন সর্ব অবস্থায় থেকে যায়। বহু ছাত্র-ছাত্রীকে জীবনে মানুষের মত মানুষ হিসাবে গড়ার কারিগর হতে পেরেছি এর থেকে বড়ো প্রাপ্তি আর কি বা হতে পারে! প্রতিষ্ঠানটি এখন পূর্বের থেকে অনেক উন্নত হয়েছে আর তাই এতদিনের পরিশ্রম যে সাফল্যের মুখ দেখছে তা 'জহুর দা' সহ আমার বাকী সহযোগী যাঁরা বেঁচে আছেন বা আমাদের ছেড়ে চলে গিয়েছেন তাদের উদ্দেশ্যে উৎসর্গ করলাম। নার্সারী থেকে মাধ্যমিক বিভাগ, পরবর্তীতে **'ইলহাম মিশন'**-এর মাধ্যমে আবাসিক, অনাবাসিক ও অর্ধাবাসিক ব্যবস্থা উচ্চমাধ্যমিকের science বিভাগ শুরু করা, NEET, JEE Main, IIT মুখী Training এগুলি আমাকে অভিভূত করছে। পরম করুণাময়ের কৃপায় এভাবে এগিয়ে চলুক আমাদের **চিলড্রেন্স কর্নার ইনস্টিটিউশন**। সকলের কাছে প্রার্থনা ও আর্শীবাদ প্রত্যাশী।



- রিতা ঘোষ
প্রধান শিক্ষিকা

## হাইস্কুল ও মিশন বিভাগের ইন-চার্জ আব্দুল আলিম আল হাসান মহাশয়ের কলমে

একটি দেশ, একটি জাতির প্রগতি, অগ্রগতি ও সার্বিক বিকাশের মূল চালিকা শক্তি হলো শিক্ষা। কথায় বলে "শিক্ষাই জাতির মেরুদন্ড"। মেরুদন্ড ছাড়া যেমন একটা মানুষ সোজা হয়ে বা স্থির হয়ে দাঁড়াতে পারে না, ঠিক তেমনই একটি জাতির উন্নয়ন শিক্ষা ছাড়া সম্ভব নয়। শিক্ষা একজন মানুষকে প্রকৃত মানবিক ও সামাজিক গুনাবলী সম্পন্ন ব্যক্তিত্বে পরিণত করতে পারে । আমাদের মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) বলেছেন "জ্ঞান অর্জন করতে সুদূর চীন দেশে যেতে হলেও যাও"। প্রকৃত শিক্ষা অর্জনের মাধ্যমে মানুষের মন মানসিকতার উৎকর্ষ সাধন সম্ভব হয়। শিক্ষা ও প্রকৃত শিক্ষার মধ্যে বেশ কিছু পার্থক্য আছে। প্রকৃত শিক্ষা হলো পুঁথিগত শিক্ষার সাথে সাথে নীতিগত শিক্ষা। যে শিক্ষা ছাত্র-ছাত্রীদের শেখাবে বাবা মায়ের প্রতি সন্তানের কর্তব্য, দায়িত্ব। শেখাবে পিতা-মাতার প্রতি আচরণ নম্রতা, ভদ্রতা,সামাজিক মূল্যবোধ,ন্যায়পরায়ণতা, সততা, হারাম ও হালাল এর মধ্যে পৃথক করতে হালাল রুজির অর্জনের সাথে শেখাবে কিভাবে উন্নত চরিত্র গঠন করা যায়। তাই আধুনিক শিক্ষার সাথে দরকার নীতিগত শিক্ষা। আর আমাদের উদ্দেশ্য হল শিক্ষা দ্বারা সামাজিক অবক্ষয়ের অবসান ঘটানো, মানবিক মূল্যবোধ তৈরি করা, উদাসীন ও লক্ষ্যহীন জীবনকে মূল্যবান বানানো। আশা করি **ইলহাম মিশন ও চিলড্রেন্স কর্নার ইনস্টিটিউশন** ছাত্রছাত্রীদের মাধ্যমে সমাজ পরিবর্তনের চেতনা ও চিন্তা ভাবনা প্রতিষ্ঠিত করতে সক্ষম হবে এবং আদর্শ মানুষের সাথে একজন সফল মানুষ হওয়ার প্রেরণা জাগাবে। তাই প্রতিটি সুনাগরিক ও শিক্ষিত এলাকাবাসীর কাছে আমাদের বিনীত নিবেদন আপনারা সমাজ পরিবর্তনের জন্য আমাদের সার্বিক সহায়তা করুন। আমাদের সার্বিক ইচ্ছা ছাত্রছাত্রীদের স্বপ্ন পূরণ করা। দিশাহীন জীবন জ্বলে উঠুক সফলতার পরশে। জীবন সংগ্রামে তারা এগিয়ে যাক একটি নির্দিষ্ট লক্ষ্য নিয়ে ও বাঁচক মানুষের মতো মানুষ হয়ে। আমাদের লক্ষ্য আমাদের স্বপ্ন প্রতিটি ছাত্র-ছাত্রী আদর্শ মানুষ হওয়ার সাথে সাথে সুপ্রতিষ্ঠিত হোক। এই স্বপ্ন ও লক্ষ্য নিয়েই **'ইলহাম মিশনের'** প্রতিষ্ঠা। ছাত্র-ছাত্রীদের স্বপ্ন পূরণ করতে বিশ্বাস রাখুন আমাদের প্রতিষ্ঠানের উপর এবং আপনাদের সাহায্য, সহযোগিতা, আশীর্বাদ ও দোয়া একান্ত প্রত্যাশিত।



# বিদ্যালয়ের শিক্ষক- শিক্ষিকা মন্ডলী

১) রীতা ঘোষ- M.A, B.Ed - মন্তেসরী ট্রেনিং প্রাপ্তা প্রধান শিক্ষিকা
২) মাল্যশ্রী মন্ডল - M.A, B.Ed (1st Class)
-প্রাক্তন লেকচারার B.Ed কলেজ সহকারী প্রধান শিক্ষিকা
৩) আব্দুল আলিম আল হাসান -M.A (Eng), B.Ed, D.El.Ed টিচার ইনচার্জ (হাই স্কুল ও মিশন বিভাগ)
৪) অর্চনা ভট্টাচার্য - B.A - মন্তেসরী ট্রেনিং প্রাপ্তা সিনিয়র সহ শিক্ষিকা
৫) অপর্না বৈদ্য - B.A - মন্তেসরী ট্রেনিং প্রাপ্তা সহ শিক্ষিকা
৬) প্রিয়াঙ্কা হালদার - M.A (Hist), (Special D.El.Ed) স্পেশাল এডুকেটর
৭) করবী হালদার - B.A - মন্তেসরী ট্রেনিং প্রাপ্তা সহ শিক্ষিকা
৮) তানজিলা পুরকাইত - H.S - মন্তেসরী ট্রেনিং প্রাপ্তা সহ শিক্ষিকা
৯) হাসিয়ারা খাতুন - M.A(Hist), D.El.Ed, MSW সহ শিক্ষিকা
১০) মেহেবুবা শেখ - H.S - মন্তেসরী ট্রেনিং প্রাপ্তা সহ শিক্ষিকা
১১) আফিফা বিবি - H.S - মন্তেসরী ট্রেনিং প্রাপ্তা অফিস বিভাগ
১২) সোনালী ভান্ডারী - B.A (Hist), D.El.Ed, MSW সহ শিক্ষিকা
১৩) নাজিমা হালদার - H.S - মন্তেসরী ট্রেনিং প্রাপ্তা সহ শিক্ষিকা
১৪) মিতালী দত্ত - B.A - (মন্তেসরী ট্রেনিং প্রাপ্তা) সহ শিক্ষিকা
১৫) মণিকা বৈদ্য - M.A (Beng), (Diploma Song) সহ শিক্ষিকা
১৬) বিজয় হালদার - M.A (Eng), D.El.Ed সহ শিক্ষক
১৭) আফরুজা বিবি - M.P (Art Diploma) অঙ্কন শিক্ষিকা
১৮) পুতুল হালদার - M.P - মন্তেসরী ট্রেনিং প্রাপ্তা সহ শিক্ষিকা
১৯) নাজিয়া বিবি - B.A - মন্তেসরী ট্রেনিং প্রাপ্তা সহ শিক্ষিকা
২০) দীপঙ্কর বসু রায় - B.A,(Front Office Mngt Dip.) M.A (cont) সহ শিক্ষক
২১) তৌসিফ হালদার - B.Sc (Mathematics Hons) সহ শিক্ষক
২২) কাকলি দাস - B.A -মন্তেসরী ট্রেনিং প্রাপ্তা সহ শিক্ষিকা
২৩) সরিফুল ইসলাম সেখ -B.A (Computer Diploma) অফিস বিভাগ
২৪) নাজমুল হোসেন মোল্লা - B.A (Beng) অফিস বিভাগ ও লাইব্রেরী
২৫) দেবযানী ভান্ডারী ঘোরুই - B.A (Diploma in Dance, Song) সহ শিক্ষিকা
২৬) রাকেশ মন্ডল - M.A, B.ed বাংলা বিভাগীর প্রধান
২৭) সামিম হোসেন লস্কর - M.A (Geography), B.Ed সহ শিক্ষক
২৮) একরামুল হক লস্কর - ইসলামিক গজল শিল্পী গজল শিক্ষক
২৯) সাজিদুল ইসলাম - B.Com (Hons) সহ শিক্ষক
৩০) জাহানারা পারভিন - B.A (Hons) MSW সহ শিক্ষিকা
৩১) তানবির আলম মোল্লা - M.A (Eng) (D.El.Ed) সহ শিক্ষক
৩২) আসিফা খাতুন - B.A (Cont.) সহ শিক্ষিকা

৩৩) সেলিনা খাতুন - H.S সহ শিক্ষিকা
৩৪) রাজিয়া সুলতানা খাতুন - M.A (Geo) (B.Ed) সহ শিক্ষিকা
৩৫) ফতেমা খাতুন - B.A Honours (Philosophy) সহ শিক্ষিকা
৩৬) সফিউল আনম - M.Sc, PGBT, D.El.Ed Retd. Teacher বিজ্ঞান বিভাগের প্রধান
৩৭) সাহাজুদ্দিন মোল্লা - B.A (Eng Hons) সহ শিক্ষক
৩৮) প্রদীপ মন্ডল - B.A (Eng Hons) (Art & Craft Diploma) সহ শিক্ষক
৩৯) সামিম আকতার - B.Sc, (Phsc. Hons)D.El.Ed, B.Pharma সহ শিক্ষক
৪০) জুলফিকার আলি মন্ডল - M.Eng অফিস বিভাগ
৪১) সালমা খাতুন - M.A (Beng) সহ শিক্ষিকা
৪২) আবুবাক্কার মন্ডল - B.Sc. (Math), D.Tech (Machanical Eng.) সহ শিক্ষক
৪৩) পারমিতা হালদার - B.A (Hons) সহ শিক্ষিকা
৪৪) অনিতা মন্ডল - M.A (Hist) সহ শিক্ষিকা
৪৫) শ্রীদিপ দে - M.Sc. (Botany), B.ED সহ শিক্ষক
৪৬) তৃষা আদলদার - M.Sc (B.Ed Cont) সহ শিক্ষিকা
৪৭) মিহির মন্ডল - M.A (Beng) সহ শিক্ষক
৪৮) ললিতা মন্ডল - B.Sc (Hon), B.Ed সহ শিক্ষিকা
৪৯) অঞ্জন জানা - B.Sc, B.Ed সহ শিক্ষক
৫০) নব কুমার হালদার - M.A (Eng), D.El.Ed সহ শিক্ষক
৫১) আশুতোষ ভলুই - B.Sc (Phys), B.Ed সহ শিক্ষক
৫২) সাহিদ আনোয়ার লস্কর - B.A (Eng Hons), Special D.El.Ed সহ শিক্ষক
৫৩) নাফিসা খাতুন - B.A (Cont) সহ শিক্ষিকা
৫৪) মকসেদুর রহমান - M.Sc (Geography), B.Ed সহ শিক্ষক
৫৫) মোঃ সাহাবুজ্জামান - B.Sc সহ শিক্ষিক
৫৬) প্রীতি মন্ডল - M.A (cont), B.Ed সহ শিক্ষিকা
৫৭) তাবাস্‌সুম খাতুন - B.A সহ শিক্ষিকা
৫৮) মোঃ সাহাবুজ্জামান - B.Sc সহ শিক্ষক
৫৯) মঞ্জুর আলম - B.Sc, NEET প্রশিক্ষক সহ শিক্ষক
৬০) সাবিনা ইয়াসমিন - B.A, B.Ed সহ শিক্ষিকা
৬১) ঝুনু খাতুন- MP (গজল শিল্পী) গজল শিক্ষিকা
৬২) মনিরা খাতুন- B.A (Cont) সহ শিক্ষিকা
৬৩) রিঙ্কি কর্মকার - B.A (Dance Diploma) অফিস বিভাগ
৬৪) জাকির হোসেন লস্কর - B.A সহ শিক্ষক
৬৫) দিপ্তী নস্কর - M.Sc (Zoology), B.Ed সহ শিক্ষিকা
৬৬) সাজিদ হোসেন - M.Sc (B.Ed) সহ শিক্ষক
৬৭) ইমরুজা খাতুন - B.A সহ শিক্ষিকা
৬৮) জেবুন্নেসা খাতুন - B.A সহ শিক্ষিকা

| | |
|---|---|
| ৬৯) সাহিবা খাতুন - B.A (Cont) | সহ শিক্ষিকা |
| ৭০) সাবিহা সুলতানা - B.A (Eng Hons) | সহ শিক্ষিকা |
| ৭১) সুরাইয়া বিবি সরদার - H.S | সহ শিক্ষিকা |
| ৭৭) মারিয়া ঘড়ুই - B.A (Eng Hons Cont.) | অফিস বিভাগ |
| ৭৩) মানিষা পারভীন - B.A (Eng Hons Cont.) | সহ শিক্ষিকা |

## শিক্ষাকর্মীবৃন্দ

| | |
|---|---|
| ১) মনোয়ারা বিবি - | মেট্রন |
| ২) সাকিনা বিবি - | মেট্রন |
| ৩) নুরফুদ্দিন মোল্লা - | ইলেকট্রিসিয়ান ও নৈশপ্রহরী |
| ৪) রেশমা বিবি - | মেট্রন |
| ৫) হাদিসা বিবি - | মেট্রন |
| ৬) লুৎফা খাতুন - | মেট্রন |
| ৭) আইমা বিবি - | মেট্রন |
| ৮) নাজিমা বিবি - | মেট্রন |
| ৯) রঙ্গিনা বিবি - | মেট্রন |
| ১০) মহিমা বিবি - | মেট্রন |
| ১১) রসিদ লস্কর - | নৈশ প্রহরী |
| ১২) আব্বাস উদ্দিন - | ইলেকট্রিসিয়ান ও প্লাম্বার |
| ১৩) সফি গাজি - | দারোয়ান |
| ১৪) অনিতা ঘোরামী - | মেট্রন |
| ১৫) সায়রা বেওয়া - | মেট্রন |
| ১৬) নুরাঙ্গীনা খাতুন - | মেট্রন |

## বিদ্যালয় সমন্বয় কমিটি

| | |
|---|---|
| ১) ডাঃ স্বদেশ মান্না - M.B.B.S, MD (পাঠরত) | (প্রাক্তন ছাত্র) |
| ২) ডাঃ আজিম আল হাসান - B.D.S | (প্রাক্তন ছাত্র) |
| ৩) ডাঃ তারিখুল ইসলাম - M.B.B.S, MD (পাঠরত) | (প্রাক্তন ছাত্র) |
| ৪) মোজাফ্ফর মোল্লা (বাপ্পা) শিক্ষক, সপ্তগ্রাম হাই স্কুল | (প্রাক্তন ছাত্র) |
| ৭) মেহেবুব হালদার - শিক্ষক | (প্রাক্তন ছাত্র) |
| ৯) হাবিবুল্লাহ সর্দার - শিক্ষক | (প্রাক্তন ছাত্র) |
| ১০) আশিক আক্রাম - প্রাইমারী স্কুল শিক্ষক | (প্রাক্তন ছাত্র) |
| ১২) আমানুল্লাহ গাজী - M.O.D | (প্রাক্তন ছাত্র) |
| ১৩) মহিবুল্লা আল হোসাইন -শিক্ষক | (প্রাক্তন ছাত্র) |

# সাফল্যের সামান্য ঝলক

## ডাক্তার

১) স্বদেশ মান্না - M.B.B.S
২) আব্দুল আজিম আল্ হাসান -B.D.S
৩) তারিখ ইসলাম লস্কর - M.B.B.S
৪) মুহিত আল হাসান - M.B.B.S, M.D(পাঠরত)
৫) মাসুদুর রহমান - M.B.B.S
৬) মেহেদি হাসান - M.B.B.S
৭) আশিক আকবর গাজী - M.B.B.S
৮) আজহার উদ্দিন গাজী -B.D.S
৯) খসরুর রহমান লস্কর - M.B.B.S(পাঠরত)
১০) রোজি ফারিহা -- M.B.B.S (পাঠরতা)
১১) মুন্তাসির আহমেদ- - M.B.B.S (পাঠরত)
১২) সামিম আহমেদ - M.B.B.S (পাঠরত)
১৩) আফ্রিদি লস্কর - M.B.B.S (পাঠরত)
১৪) জাহাঙ্গীর লস্কর - M.B.B.S (পাঠরত)
১৫) ইসরাত পারভীন - M.B.B.S (পাঠরত)
১৬) নুর হোসেন গাজী - M.B.B.S (পাঠরত)
১৬) নাজমুল হাসান - M.B.B.S (পাঠরত)
১৭) আরিফ বৈদ্য - B.D.S
১৮) মিসাব উল হক লস্কর - M.B.B.S (পাঠরত)

## শিক্ষক / শিক্ষিকা

১) হাবিবুল্লাহ সর্দার (তুল্যাণ)
২) সানোয়ারা খাতুন (সংগ্রামপুর)
৩) মহিবুল্লা আল হোসাইন (টেকপাঁজা)
৪) মহিবুল্লা আল হোসাইন (টেকপাঁজা)
৫) রিয়াজ উদ্দিন (সংগ্রামপুর)
৬) মেহেবুব হালদার (খাঁপুর)
৭) মুজাফফর রহমান (বাপ্পা) (পদ্মের হাট)
৮) আব্দুল হাফিজ আল হাসান(সংগ্রামপুর)
৯) আশিক আক্রাম (খাঁপুর)
১০) সাবির হোসেন হালদার (খাঁপুর)
১১) বিশ্বনাথ (সংগ্রামপুর)
১২) মুনমুন (তালা)
১৩) ইজাজ আহমেদ (পদ্মের হাট)
১৪) জয়ন্ত হালদার (কাঁঠালবেড়িয়া)
১৫) মুস্তাকিন মোল্লা (কালিকাপোতা)
১৬) দেবাশীষ হালদার (কাঁঠালবেড়িয়া)

## ইঞ্জিনিয়ার



১) মশিউর রহমান (রাজু)
২) আব্দুল হাফিজ আল হাসান
৩) মাসুদ রহমান মোল্লা
৪) আব্দুর রাজ্জাক গায়েন
৫) আরিফ বিল্লাহ আখন
৬) সোহেল রানা (রকি)
৭) আনোয়ার হোসেন
৮) মইতুল মোল্লা (রাতুল)
৯) মাহামুদুর রহমান মোল্লা

## পুলিশ



১) ফিরদৌস হালদার (কচুয়া)
২) বাপ্পা (কালিকাপোতা)
৩) রমেশ মান্না (বাহিরপুয়া)
৪) আব্দুর রাকিব মোল্লা (খাঁপুর)

## অন্য প্রশাসনিক বিভাগ

১) সাদ্দাম হোসেন
২) মাসুদ হালদার
৩) আমানুল্লাহ গাজী

চিলড্রেন্স কর্ণারের অনেক প্রাক্তন ছাত্র- ছাত্রী এখন বিভিন্ন সরকারী চাকরিতে কর্মরত আছে। তাছাড়া অনেকে জীবনে সুপ্রতিষ্ঠিত হলেও বিদ্যালয়ের অগোচরে রয়ে গেছে তাই সেই সমস্ত প্রাক্তন ছাত্র- ছাত্রীদের নাম ছাপতে না পারায় আমরা আন্তরিক ভাবে দুঃখিত।

## উপদেষ্টা কমিটি

১) বাঁশরী মোহন হালদার - রেক্টর (রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট, বারুইপুর)
২) আব্দুস সালাম (বাবলু) - বিশিষ্ট সমাজসেবী
৩) আলহাজ্ব বাশারাত হোসেন গায়েন - প্রাক্তন প্রধান শিক্ষক, ধান্যঘাটা আদর্শ শিক্ষানিকেতন
৪) ডাঃ এম.এ. কাইউম হালদার - B.Sc, DHMS
৫) মনিরুল হালদার - বিশিষ্ট সমাজসেবী
৬) মাওলানা আবুল কালাম - প্রেসিডেন্ট, ইলহাম মিশন
৭) সফিউল আনাম - অবসরপ্রাপ্ত শিক্ষক
৮) জামিতুল ইসলাম - M.A(Eng) বিশিষ্ট সাংবাদিক, সদস্য মানবাধিকার সংগঠন।
৯) হাজী দাউদ আলী সেখ - প্রাক্তন শিক্ষক, রামতনু নগর হাই মাদ্রাসা, কাকদ্বীপ
১০) মোনায়েম আলী বৈদ্য - শিক্ষক, উত্তর চন্দননগর এফ.পি.স্কুল, কাকদ্বীপ
১১) হাজী মুজাফফর রহমান লস্কর - প্রাক্তন শিক্ষক, দুর্গানগর ভোলানাথ শিক্ষানিকেতন
১২) হাবিবুল্লা সরদার - শিক্ষক (প্রাক্তন ছাত্র)
১৩) অধ্যাপক ডঃ রাজর্ষি মুখার্জী - (শ্যামপুর কলেজ, হাওড়া)
১৪) কৌশিক কর - WBCS Officer
১৫) শ্যামল কুমার বৈদ্য - শিক্ষক
১৬) জুলফিকার আলী মন্ডল - Mechanical Engineer
১৭) মেহেবুব আলম - শিক্ষক
১৮) অভিজিত বাগ - ইঞ্জিনিয়ার, (UK)
১৯) অধ্যাপক ডঃ জাহান আলী পুরকাইত (রায়দিঘী কলেজ)
২০) অধ্যাপক ডঃ কুতুবউদ্দিন মোল্লা (সিঙ্গুর গভঃ কলেজ)
২১) এ.কে এম রফিকুল হাসান (প্রধান শিক্ষক সপ্তগ্রাম হাইস্কুল)
২২) নানু মান্না - শিক্ষক

## কালচারাল কমিটি

১) অপর্না বৈদ্য - সংগীত
২) অর্চনা ভট্টাচার্য
৩) মহাদেব হালদার
৪) মাল্যশ্রী মন্ডল
৫) হাসিয়ারা খাতুন
৬) দেবযানী ভান্ডারী
৭) দীপঙ্কর বসু রায়
৮) মনিরুল ইসলাম হালদার
৯) পুলক হালদার
১০) আব্দুল আলিম আল হাসান
১১) সাজিদুল ইসলাম (কনভেনর)
১২) মিরাজুল আলম মোল্লা
১৩) একরামুল হক
১৪) রহিদুল লস্কর
১৫) জুলফিকার আলী মন্ডল

## সিলেবাস নির্ধারক কমিটি

১) সাবির হোসেন হালদার - বিদ্যালয় পরিচালক
২) রীতা ঘোষ - প্রধান শিক্ষিকা
৩) মাল্যশ্রী মন্ডল - সহ প্রধান শিক্ষিকা
৪) আব্দুল আলিম আল হাসান - ভারপ্রাপ্ত শিক্ষক, হাইস্কুল ও মিশন বিভাগ
৫) জাহানারা পারভিন - শিক্ষকা
৬) তানবীর আলম - শিক্ষক
৭) জুলফিকার আলি মন্ডল - শিক্ষক
৮) হাসিয়ারা খাতুন - শিক্ষিকা
৯) সাজিদুল ইসলাম - শিক্ষক
১০) শফিউল আনাম - শিক্ষক
১১) রাকেশ মন্ডল - শিক্ষক

## বিদ্যালয়ের পোষাক

### নার্সারী বিভাগ

**ছাত্র ঃ-** নীল হাফ্ প্যান্ট, সাদা জামা, স্কুলের নামাঙ্কিত বেল্ট এবং টাই
**ছাত্রী ঃ-** সাদা জামা, নীল স্কার্ট অথবা নীল ওভার ফ্রক, স্কুলের নামাঙ্কিত বেল্ট এবং টাই
**সকলের ঃ-** কালো জুতো, সাদা মোজা, পরিচয় পত্র এবং টাই পরা আবশ্যক।
**শীতের পোষাক ঃ-** নীল সোয়েটার ও উপরে উল্লেখিত সব।

### হাইস্কুল বিভাগ

**পঞ্চম শ্রেনী থেকে ঃ- ছাত্রদের ঃ-** নীল রঙের ফুল প্যান্ট এবং সাদা জামা। কলার, হাতের প্রান্তভাগ, পকেট ও সামনের বোতামের প্লেটে নীল সাদা ছোটো ঘর কাটা কাপড়ের পট্টি, স্কুলের নামাঙ্কিত বেল্ট ।

**ছাত্রীদের ঃ-** নীল রঙের পাজামা / চুড়িদার ও সাদা সালোয়ার / কুর্তি এবং নীল ওড়না। জামার কলার, হাত ও সামনের তিনধারে নীল সাদা ছোট ঘর কাটা কাপড়ের পট্টি, স্কুলের নামাঙ্কিত বেল্ট, পরিচয় পত্র।

* শীতের সময় নীল রঙের সোয়েটার বা জ্যাকেট। তবে অন্য কোনো রঙের সংযুক্তি বা লেখা থাকলে চলবেনা।

যদি তুমি মানুষকে বিচার করতে যাও তাহলে ভালবাসার সময় পাবে না।

-সেন্ট মাদার টেরেসা

# বিদ্যালয়ের নিয়ম কানুন

☞ নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থাৎ 10:45(AM) প্রার্থনা শুরু হওয়ার পূর্বে প্রত্যেক ছাত্র- ছাত্রীকে বিদ্যালয়ে উপস্থিত হতে হবে।

☞ প্রত্যেকের অবশ্যই বিদ্যালয় নির্ধারিত পোশাক পরে বিদ্যালয়ে আসতে হবে।

☞ কোনো দিন বিদ্যালয়ে অনুপস্থিত থাকলে অবশ্যই অভিভাবক / অভিভাবিকার লেখা চিঠি আনতে হবে অথবা প্রসপেকটাসের ডায়েরি অংশে কারন লিখে অভিভাবকের স্বাক্ষর করে আনতে হবে।

☞ বিদ্যালয়ের ক্লাস শুরুর পর কোনো অভিভাবক তাঁর বাচ্চার সঙ্গে দেখা করতে পারবেন না।

☞ বিদ্যালয় নামাঙ্কিত খাতা ব্যবহার করতে হবে। ইহা বিদ্যালয় থেকেই সংগ্রহ করতে হবে। অন্য কোনো খাতা গ্রহণযোগ্য নয়

☞ শিক্ষার্থীরা বিদ্যালয়ের ভিতরে প্রবেশ করলে আর বাইরে বের হতে পারবে না।

☞ গুরুতর বিষয়, প্রাকৃতিক দূর্যোগ, আকস্মিক ঘটনা ছাড়া টিফিনে ছুটি (হাফ ছুটি) দেওয়া হবে না।

☞ বিদ্যালয়ে আয়োজিত সেমিনারে অভিভাবক / অভিভাবিকা বা প্রতিনিধি অবশ্যই উপস্থিত হতে হবে।

☞ বিদ্যালয়ে বিভিন্ন রকম কর্মসূচি যেমন - পত্রিকা প্রকাশ, ভ্রমণ, সাংস্কৃতিক অনুষ্ঠান, স্পোর্টস, পরিকাঠামো উন্নয়ন ইত্যাদিতে অভিভাবকের সহযোগিতা কাম্য।

☞ অসুস্থ শিশুকে বিদ্যালয়ে পাঠাবেন না। ভর্তির সময় অবশ্যই অ্যাকটিভ ফোন নং দিন। স্কুল রেজিষ্টারে নথিভুক্ত ব্যক্তি ছাড়া বাচ্চা আনা নেওয়া করা যাবে না। ফোন নং পরিবর্তন হলে অফিসে নতুন নম্বর জমা দেবেন।

☞ শিশুকে সোনা, রূপা ইত্যাদির দামী গহনা পরিয়ে পাঠাবেন না। যেকোনো অলঙ্কার নিষিদ্ধ সেই সঙ্গে খেলনা বা মোবাইল ফোন কখনই যেন স্কুলব্যাগে না থাকে।

☞ শিক্ষার্থীকে পরিস্কার পরিচ্ছন্ন ইউনিফর্ম পরিয়ে পাঠান। সেই সাথে চুল, নখ, অবশ্যই কাটা চাই। বিদ্যালয়ের প্রার্থনার পরে নিয়মিত এগুলি চেক করা হয়।

☞ রুটিন অনুযায়ী বই, খাতা, পেন, পেন্সিল, রং, ড্রয়িং বুক, জ্যামিতি বক্স ইত্যাদি যেদিন যা প্রয়োজন দিয়ে পাঠাবেন।

☞ সমস্ত ফি নির্দিষ্ট সময়ের মধ্যে শোধ করে বিদ্যালয়ের সঙ্গে সম্পর্কের বন্ধন দৃঢ় করুন।

☞ প্রসপেক্টাস, বিল বই হারালে টাকা দিয়ে অফিস থেকে পুনরায় সংগ্রহ করুন।

☞ যে কোন বিষয়ে অভিযোগ থাকলে অবশ্যই শিশুর নাম, শ্রেণীসহ লিখিত অফিসে জানান অথবা কমপ্লেন বুকে লিখে দিন। সমাধান না হলে কর্তৃপক্ষের নজরে আনুন।

☞ Guardian Call হলে নির্দিষ্ট দিন ও সময়ে Guardian কে বিদ্যালয়ে উপস্থিত হতে হবে। অন্যথা শিশুকে বিদ্যালয়ে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।

☞ টিফিন বক্সে আপনার সন্তানের জন্য টিফিন পাঠাবেন। টাকা বা পয়সা পাঠাবেন না।

☞ প্লাস্টিক প্যাকেটজাত কোনো খাবার পাঠাবেন না। ভাত এবং আমিষ খাবার পাঠাবেন না।

☞ কোনো অভিযোগ থাকলে তা লিখে Letter Box এ ফেলে দিতে পারেন অথবা বিদ্যালয়ের WhatsApp নম্বরে বা বিদ্যালয় অফিসে Complain খাতায় লিখেও জানাতে পারেন। নতিভুক্ত অভিযোগ তাড়াতাড়ি সমাধান করা হবে। সমাধানে দেরি হলে সরাসরি বিদ্যালয় কর্তৃপক্ষকে জানাবেন।

## অঙ্গীকার বাক্য

ভারত আমার দেশ। সব ভারতবাসী আমার ভাই বোন। আমি আমার দেশকে ভালোবাসি। আমার দেশের সমৃদ্ধ ও বিচিত্র ঐতিহ্যে আমি গর্বিত। আমি, আমার দেশের সুযোগ্য অধিকারী হওয়ার জন্য সদা প্রচেষ্টায় থাকবো। আমি নিজের পিতামাতা, শিক্ষক এবং প্রবীণদের সদা সম্মান করবো এবং বিনীত থাকবো। আমি আমার দেশ ও দেশবাসীদের প্রতি সত্যনিষ্ঠার প্রতিজ্ঞাবদ্ধ হলাম। এঁদের কল্যাণ এবং সমৃদ্ধিতেই আমার সুখ। জয় হিন্দ

## Pledge

India is my country. All Indians are my brothers and sisters. I love my country and I am proud of its rich and varied heritage. I shall strive to be worthy of it. I shall respect my parents, teachers, and all elders and treat everyone with courtesy. To my country and all my people, I pledge my devotion. In their well-being and prosperity alone lies my happiness.

"শিক্ষাই সবচেয়ে শক্তিশালী অস্ত্র, যা দিয়ে তুমি পৃথিবীকে পরিবর্তন করতে পারো।" — Nelson Mandela

# ছাত্র-ছাত্রীদের শপথ বাক্য ও কর্তব্য

- আমি সব দিক দিয়ে ভাল হব যেন সবাই আমাকে ভালোবাসে। আমার কথাবার্তায় ও ব্যবহারে বড় ছোট কেউ যেন ব্যথা না পায় সেদিকে লক্ষ্য রাখবো। বড়দের সম্মান করবো আর বন্ধুদের ও ছোটদের ভালোবাসবো।
- প্রতিদিন ভোর ৫টায় ঘুম থেকে উঠবো আর রাত ১০টায় ঘুমাতে যাওয়ার চেষ্টা করবো।
- বাড়িতে আমার নিজের কিছু কাজ নিজেই করবো; যেমন - বইপত্র গুছিয়ে রাখবো, নিজের বিছানা করবো, পড়ার জায়গা পরিষ্কার করবো; নিজের হাল্কা জামা-প্যান্ট পরিষ্কার করবো, নিজের ব্যবহৃত ছোটখাটো বাসন ধুয়ে রাখবো। এছাড়া সাধ্যমত মা-বাবার কাজে সাহায্য করবো। বাগানে বা টবে নিজে কিছু ফুল গাছ লাগিয়ে তার পরিচর্যা করবো।
- শাক সব্জি, দুধ, মাছ ইত্যাদি যখন যা পাওয়া যাবে সব রকম খাবার তৃপ্তি নিয়ে খাবো।
- যেখানে সেখানে থুথু ফেলা, দাঁতে নখ কাটা ইত্যাদি বদভ্যাস যেন না আসে সেদিকে লক্ষ্য রাখবো।
- নিয়মমত পড়াশুনা করবো; স্কুলের পড়া নিয়মিত তৈরি করবো। প্রতিদিন বাংলা ও ইংরাজী হাতের লেখা অভ্যাস করবো।
- স্কুলের পোষাক পরে স্কুলে যাব এবং পোষাক পরিচ্ছদ যাতে পরিষ্কার থাকে সেদিকে নজর রাখবো। জুতো, মোজা নিজেই পরিষ্কার করবো।
- প্রার্থনার আগে স্কুলে পৌঁছাবো। প্রার্থনার লাইনে দাঁড়িয়ে, বা ক্লাস চলাকালীন কোন কথা বলবো না।
- স্কুলের নিয়মকানুন সব মেনে চলবো।
- স্কুল যেন পরিষ্কার পরিচ্ছন্ন থাকে সেদিকে সব সময় খেয়াল রাখবো। স্কুলের দেওয়ালে বা বেঞ্চে কিছু লিখবো না বা অন্য কোন ভাবে অপরিষ্কার করবো না।
- ক্লাসের মধ্যে শিক্ষক-শিক্ষিকার উপস্থিতি বা অনুপস্থিতিতে কখনোই গণ্ডগোল যেন না হয় সেদিকে লক্ষ্য রাখবো।
- এই স্কুল ডায়রিটি / প্রসপেক্টাসটি প্রতিদিন স্কুলে নিয়ে যাব এবং যেদিন এতে কিছু লেখা হবে স্কুলের পক্ষ থেকে - তা মা-বাবাকে দেখাবো।
- স্কুলে যেদিন যা পড়া হবে, সেইদিনই বাড়িতে তা একবার দেখবো, পরে ভালভাবে তৈরি করবো। সমস্ত বিষয় লিখে লিখে অভ্যাস করবো।
- ক্লাস-এর মধ্যে অলসভাবে বসবো না। যেকোনো অভদ্র বাচরণ বর্জন করবো।

☛ পিতা-মাতা ও গুরুজনদের সম্মান করবো এবং কখনও তাঁদের অমান্য করবো না।

☛ নিজের মানবিক সত্ত্বা ও চারিত্রিক গুনাবলীর সার্বিক উন্নয়নে সর্বদা সচেষ্ট থাকবো।

## বিদ্যালয়ের সময়

### নার্সারী বিভাগ

প্রার্থনা ঃ- 10:45 am

ছুটি ঃ- Play Group - 12:30 pm, L.N - 02:00 pm, U.N - 02:15 pm, I - 02:30 pm, II - 03:10 pm, III+IV - 03:40 pm

সপ্তাহে 5 দিন ক্লাস (L/N - III) সোমবার থেকে শুক্রবার পর্যন্ত। চতুর্থ শ্রেনীর শনিবারও ক্লাস হয়। ছুটি 01:30 pm

### হাইস্কুল বিভাগ

সপ্তাহে 6 দিন ক্লাস V - X সোম-শনিবার পর্যন্ত, প্রতিদিন প্রার্থনা 10:45 am

ছুটি- 03:45 pm ,

শনিবার ছুটি 01:30 pm

## অফিসের সময়

বিদ্যালয় খোলা দিনগুলিতে 10:00 am - 03:30 pm পর্যন্ত অফিসের সমস্ত কাজ কর্ম হয়।

ডিসেম্বর ও জানুয়ারী মাসগুলিতে প্রত্যহ বিদ্যালয় অফিস খোলা থাকে।

বিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে সরাসরি দেখা করার সময় 02:30 pm - 04:00 pm এর মধ্যে।

## ভর্ত্তির সময় ও নিয়মাবলী

প্রতি বৎসর আগস্ট থেকে ডিসেম্বর মাস পর্যন্ত নতুন ছাত্র- ছাত্রী ভর্ত্তি নেওয়া হয়। নতুন ছাত্র- ছাত্রী ভর্ত্তির পূর্বে বিদ্যালয় থেকে অবশ্যই ফর্ম নিতে হবে। অক্টোবর মাসের প্রথম সপ্তাহ থেকে নতুন PG/LN শিশুদের ক্লাস শুরু হবে। নতুন শিক্ষাবর্ষ শুরু হয় জানুয়ারী মাস থেকে, শেষ হয় ডিসেম্বর মাসে। ভর্ত্তির সময় ফর্মে উল্লেখিত সকল Documents জমা দেওয়া আবশ্যিক। Play Group এবং Lower Nursery সরাসরি ভর্ত্তি করা যায়। বাকী যেকোনো ক্লাসে ভর্ত্তির জন্য Admission Test দিয়ে পাশ করতে হয়।

## Guardian Meeting

বিদ্যালয়ে ডাকা সেমিনারে প্রতি শিক্ষার্থীর অভিভাবক/ অভিভাবিকা/ গৃহশিক্ষক/ গৃহশিক্ষিকাকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। যে কোনো প্রকার সমস্যা,





অভিযোগ, পরামর্শ ইত্যাদি তুলে ধরবেন যাতে বিদ্যালয় সুষ্ঠভাবে পরিচালনা করা যায়। Guardian Meeting শ্রেনী অনুযায়ী আলাদা বা বাৎসরিক একসঙ্গে হতে পারে।

## বই, খাতা সম্পর্কিত

প্রতেক বছর জানুয়ারী মাসে বিদ্যালয় থেকে বই খাতা, টাই, বেল্ট সংগ্রহ করতে হবে। সারা বছর এগুলি বিদ্যালয় থেকে পাওয়া যায়। বিদ্যালয়ের নামাঙ্কিত খাতা বাধ্যতামূলক। প্রত্যেক ছাত্র- ছাত্রীকে বিদ্যালয় থেকে দেওয়া মলাটে বই মলাট করে বিদ্যালয়ের নাম, ছাত্র-ছাত্রীর নাম, শ্রেনী, রোল নম্বর, সেকশান লিখতে হবে। উল্লেখ্য পঞ্চম-দশম শ্রেনী পর্যন্ত সরকারী বই বিনামূল্যে দেওয়া হয়।

## খেলাধূলা সম্পর্কিত

বিদ্যালয়ের ছাত্র- ছাত্রীদের খেলাধূলার জন্য পার্কিং এর ব্যবস্থা করা হয়েছে।







যেটি ভবিষ্যতে আরো উন্নত করার পরিকল্পনা আছে। Indoor Games এর ব্যবস্থা আছে।

## পানীয় জল সম্পর্কিত

শিশুদের প্রয়োজনীয় জল সরবরাহ করার জন্য সাব মার্সিবল বসানো হয়েছে। বর্তমানে জল পান করার জন্য উপযুক্ত বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে।



## সাংস্কৃতিক অনুষ্ঠান

ছাত্র- ছাত্রীদের আবৃত্তি, গান, নাচ, নাটক, ক্যুইজ, গজল ইত্যাদির মাধ্যমে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান সাজানো হয়। (১৫ই আগষ্ট) স্বাধীনতা দিবস ও অন্যান্য পালনীয় দিবস যেমন শিশু দিবস, শিক্ষক দিবস, ভাষা দিবস, রবীন্দ্র জয়ন্তী, নেতাজী জয়ন্তী, নজরুল জয়ন্তী, প্রজাতন্ত্র দিবস ইত্যাদি উপলক্ষ্যে নানারকম অনুষ্ঠানের






আয়োজন করা হয়। প্রতিবছর আন্ত শ্রেনী সাংস্কৃতিক প্রতিযোগীতারও আয়োজন করা হয়। বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশের সময় বিভিন্ন বিভাগে ছাত্রছাত্রীদের পুরস্কৃত করা হয়।

## কম্পিউটার সম্পর্কিত

২০০৫ সাল থেকে পশ্চিমবঙ্গ সরকারের কম্পিউটার স্বাক্ষরতা প্রকল্পের কোর্স অনুযায়ী বাচ্চাদের কম্পিউটার শিক্ষা দেওয়া হচ্ছে। এটি বর্তমানে Optional এবং Paid Course হিসাবে শেখানো হচ্ছে।


## Spoken English / Communicative Language সম্পর্কিত

ছাত্র-ছাত্রীদের যুগোপযোগী করে গড়ে তুলতে বাংলা, ইংরাজী এবং হিন্দী সহ অন্যান্য ভাষা লিখতে, পড়তে ও বলতে সক্ষম করে গড়ে তুলতে বিদ্যালয় Communicative Language এর উপরে বিশেষ গুরুত্ব দিয়েছে। Spoken

English বিদ্যালয়ের মূল পাঠক্রমের সঙ্গে সংযুক্ত আছে। এছাড়া প্রতি রবিবার External Expart Teacher এর মাধ্যমে Paid Course হিসাবে শুরু করা হচ্ছে Communicative Language বিভাগ।

## পত্রিকা সম্পর্কিত

শিশুদের মনের বিচিত্র দিকের বিকাশ ঘটানোর জন্য বিদ্যালয়ে **"ক্রিয়েটিভ"** নামক ত্রৈমাসিক দেওয়াল পত্রিকা প্রকাশের উদ্যোগ নেওয়া হয়েছে। স্বরচিত বিভিন্ন গল্প, প্রবন্ধ, কবিতা ছড়াও আঁকা ইত্যাদি বাচ্চারা লিখে তা পত্রিকাতে প্রকাশ করার সুযোগ পায়।



প্রকাশিত প্রতি সংখ্যাতে উল্লেখযোগ্য ছাত্রছাত্রীদের পুরষ্কৃত করা হয়। আমাদের বিদ্যালয়ের অন্যতম সৃজনশীল কাজ বাৎসরিক প্রকাশিত **'কোরক'** পত্রিকাটি।

এখানে আমাদের ছাত্র- ছাত্রীদের লেখা, আঁকা ইত্যাদি প্রকাশ হয়। প্রথম থেকে দশম শ্রেনী পর্যন্ত সমস্ত ছাত্র - ছাত্রীরা এই পত্রিকায় অংশ গ্রহন করতে পারবে।

## পরীক্ষা সম্পর্কিত

❶ ধারাবাহিক মূল্যায়নের জন্য U/N - IV পর্যন্ত দুটি Unit Test ও দুটি Terminal পরীক্ষা ও সর্বশেষে বার্ষিক পরীক্ষা (Annual Exam) নেওয়া হয়।

❷ প্রত্যেক ছাত্র- ছাত্রীদের এই পরীক্ষাগুলিতে অবশ্যই বসতে হবে।

❸ নার্সারী বিভাগের Unit Test -এ বাংলা, ইংরাজী ও গণিত বিষয়ে ৫০ নম্বরের পরীক্ষা নেওয়া হবে। সময় ১ ঘন্টা ১৫ মিনিট।

❹ ছাত্র - ছাত্রীদের ৭৫% ক্লাসে উপস্থিত থাকতে হবে। বই, C/W এবং H/W খাতার পঠন - পাঠন অনুযায়ী সমস্ত পরীক্ষা হবে।

❺ Unit Test-এ প্রাপ্ত মোট নম্বরের ১৫% নম্বর বার্ষিক পরীক্ষায় (Annual Exam) যোগ করা হয়।

❻ Terminal-পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ৫% নম্বর বার্ষিক পরীক্ষায় (Annual Exam) যোগ করা হয়।

❼ ৫ম থেকে ৯ম শ্রেনী পর্যন্ত তিনটি Terminal ও বাৎসরিক পরীক্ষা (Annual Exam) নেওয়া হবে।

❽ সকল পরীক্ষার রুটিন প্রসপেক্টাসে আছে এবং পরীক্ষার সময় হোয়াট্সঅ্যাপ গ্রুপে দেওয়া হয়। হোয়াট্সঅ্যাপ গ্রুপে যুক্ত না থাকলে অফিসে যোগাযোগ করবেন।

❾ পরীক্ষার খাতায় কোনো ভুল থাকলে ফলাফল প্রকাশের পর নির্দিষ্ট উল্লেখিত দিনের মধ্যে অফিসে এসে সংশোধন করতে হবে।

## Admit Card সম্পর্কিত

যেকোন Terminal, Unit Test এবং Annual পরীক্ষায় বসার আগে (উল্লেখিত নির্দিষ্ট তারিখের মধ্যে) বকেয়া সমস্ত বেতন পরিশোধ করে **Admit Card** সংগ্রহ করতে হবে। Admit Card ছাড়া কোনো পরীক্ষায় বসতে দেওয়া হবে না।

## মেধা সূচক

বৎসরের সমস্ত পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে এই **'মেধা সূচক'** প্রয়োগ হয়।

| % of Total Number | Gradation | Performance |
|---|---|---|
| 90% & Above | AA | Outstanding |
| 80% - 89% | A+ | Excellent |
| 70% - 79% | A | Very Good |
| 60% - 69% | B+ | Good |
| 50% - 59% | B | Satisfactory |
| 40% - 49% | C | Marginal |
| Below 40% | D | Disqualified |

## বিদ্যুৎ সম্পর্কিত

গরমের প্রকোপ কমাতে প্রতি ঘরে দুই বা তার বেশি পাখার ব্যবস্থা আছে। প্রতিটি ঘরে পর্যাপ্ত পরিমান আলোর জন্য টিউব লাইটের ব্যবস্থা আছে। আপতকালীন ব্যবস্থার জন্য জেনেরেটরের ব্যবস্থা করা হয়েছে। Emergency Light -এরও ব্যবস্থা করা হয়েছে।

## ক্রীড়া প্রতিযোগিতা সম্পর্কিত

প্রত্যেক বছর সমস্ত ছাত্র-ছাত্রীদের নিয়ে পৃথক গ্রুপে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়। সকল শ্রেনীর সকল ছাত্র-ছাত্রীরা এই প্রতিযোগিতায় অংশ গ্রহন করতে পারবে। প্রত্যেক প্রতিযোগিতা থেকে ১ম, ২য় ও ৩য় স্থানাধিকারিদের পুরস্কৃত করা হয়।

## ছুটির খাতা সম্পর্কিত

বছরের দুটি দীর্ঘ (গ্রীষ্ম ও পূজা) ছুটির খাতা নির্দিষ্ট দিনে জমা দিতে হবে। ওই খাতা সংশোধন করার পর ফেরত দেওয়া হয়।

নির্দিষ্ট দিনের মধ্যে ছুটির খাতা জমা না দিলে Conduct এর জন্য ঐ ছাত্র বা ছাত্রী প্রাপ্ত নম্বর পাবে না।

## ২০২৬ ম্যাসিক বেতন ও ভর্ত্তি ফি সম্পর্কিত

### দিবা বিভাগ


| শ্রেনী | জন্ম সাল | বিদ্যালয়ের শিশুদের ভর্তি ফি | নতুন ছাত্র-ছাত্রীদের ভর্তি ফি | 2026 মাসিক বেতন | বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ভর্তির সময় লাগবে | নতুন ছাত্র-ছাত্রীদের ভর্তির সময় লাগবে |
|---|---|---|---|---|---|---|
| PG | 2022 | 1350 | 1350 | 310 | 1660 | 1660 |
| LN | 2021 | 1400 | 1550 | 380 | 1780 | 1930 |
| UN | 2020 | 1800 | 2300 | 410 | 2210 | 2710 |
| I | 2019 | 1800 | 2300 | 430 | 2230 | 2730 |
| II | 2018 | 1800 | 2300 | 460 | 2260 | 2760 |
| III | 2017 | 1800 | 2300 | 490 | 2290 | 2790 |
| IV | 2016 | 1900 | 2400 | 510 | 2410 | 2910 |
| V-VI | 2015/2014 | 2000 | 2750 | 560 | 2560 | 3310 |
| VII-VIII | 2013/2012 | 2100 | 2950 | 600 | 2700 | 3550 |
| IX-X | 2011/2010 | 2250 | 3250 | 630 | 2880 | 3880 |

### মর্নিং বিভাগ

| শ্রেনী | জন্ম সাল | বিদ্যালয়ের শিশুদের ভর্তি ফি | নতুন ছাত্র-ছাত্রীদের ভর্তি ফি | 2026 মাসিক বেতন | বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ভর্তির সময় লাগবে | নতুন ছাত্র-ছাত্রীদের ভর্তির সময় লাগবে |
|---|---|---|---|---|---|---|
| PG | 2022 | 1350 | 1350 | 310 | 1660 | 1660 |
| LN | 2021 | 1400 | 1550 | 380 | 1780 | 1930 |
| UN | 2020 | 1800 | 2300 | 410 | 2210 | 2710 |
| I | 2019 | 1800 | 2300 | 430 | 2230 | 2730 |
| II | 2018 | 1800 | 2300 | 460 | 2260 | 2760 |

## Creative Art

সৃজনশীল প্রতিভার বিকাশ ঘটানোর জন্য আমরা সচেষ্ট। ছাত্র-ছাত্রীদের সৃজনশীল লিখনে আগ্রহী করে তুলতে স্বরচিত গল্প, কবিতা ইত্যাদি লিখনে উৎসাহ দেওয়া হয়। লেখাগুলি প্রকাশিত হয়। উল্লেখযোগ্য কৃতী ছাত্র-ছাত্রীকে পুরস্কৃত করা হয়।



এছাড়াও অঙ্কনে আগ্রহী করে তুলতে প্রতি মাসে Creative Board প্রকাশ করা হয়।

## আপাতকালীন চিকিৎসা সংক্রান্ত

বিদ্যালয় অফিস থেকে First Aid -এর ব্যবস্থা করা হয় যদি কোন অনভিপ্রেত দুর্ঘটনা ঘটে। প্রয়োজন হলে বাইরেও চিকিৎসার সু-ব্যবস্থা করা হয়। তবে অভিভাবক - অভিভাবিকাদের অনুরোধ করব শিশুদের শৃঙ্খলাপরায়ন হতে উদ্বুদ্ধ করতে, তাহলে হয়তো এসব অনভিপ্রেত ঘটনা এড়ানো সম্ভব হয়। তাছাড়া বিদ্যালয়ে ২জন ডাক্তার



আছেন যারা প্রয়োজনে উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা করে থাকেন। ডাঃ আতাহার রহমান এবং ডাঃ সেলিম হালদার মহাশয় ছাত্র-ছাত্রীদের যেকোন সমস্যায় চিকিৎসা করে থাকে

## প্রযুক্তি নির্ভর শিক্ষা

শ্রেনীকক্ষ শিক্ষা আর শুধু বই খাতা ভিত্তিক নয়। এখন শিখন উপকরন (T.L.M) ও প্রযুক্তি নির্ভর শিক্ষা প্রদান করা হয়। প্রতি শ্রেনীকক্ষকে ইলেক্ট্রিক Waring যুক্ত দুই বা ততোধিক পাখা, একাধিক লাইট, T.L.M প্রদর্শনের ব্যবস্থা, প্রজেক্টর এর ব্যবস্থা সম্বলিত আধুনিক শ্রেনীকক্ষ রূপে গড়ে তোলা হয়েছে ও আরো উন্নত প্রযুক্তি নির্ভর শ্রেনীকক্ষ রূপে গড়ে তোলার পরিকল্পনা আছে।

## Power Backup

ইলেকট্রিক না থাকলেও এখন বিদ্যুতের সুবিধা দেওয়ার জন্য জেনারেটর Power Backup -এর ব্যবস্থা করা হয়েছে।

## Air Condition (A.C)

বেশ কিছু শ্রেনীকক্ষকে Air Conditioned করা হয়েছে এবং আগামীতে আরো কিছু শ্রেনীকক্ষ গুলিকে A.C করার পরিকল্পনা করা হয়েছে।

## C.C Camera

P.G - X পর্যন্ত প্রতি ক্লাস রুমে C.C Camera বসানো হয়েছে। নিরাপত্তার



সুনিশ্চয়তার জন্য প্রত্যেকটি বারান্দা, প্রবেশ ও প্রস্থান দ্বারে C.C Camera আছে। সর্বমোট ৬৪টি ক্যামেরা দ্বারা সর্বদা নজরদারি চলছে। পরে আরো বাড়ানো হবে।

## জহরুল হক মেমোরিয়াল পুরষ্কার ও স্কলারশিপ











বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও আমাদের সকলের পথপ্রদর্শক শ্রদ্ধেয় আলহাজ্ব জহুরুল হক হালদার মহাশয়ের স্মৃতিতে প্রতি বছর Z.H Memorial Prize and Scholarship দেওয়া হয়। প্রতি শ্রেনীতে ভালো আচরন, পড়াশুনা, মেধা ইত্যাদি বিষয়ের উপর এই পুরষ্কার থাকে। এছাড়াও কোনো ছাত্র-ছাত্রী (বিদ্যালয়ে পাঠরত বা বিদ্যালয়ের বাইরের) যদি উল্লেখযোগ্য কোনো ভালো সামাজিক কাজ করেন তাকেও পুরস্কৃত করা হবে। ভবিষ্যতে আরো ব্যাপকভাবে সমাজসেবায় উদ্বুদ্ধ করতে আমাদের এই ছোট্ট প্রয়াস অগ্রনী ভূমিকা নেবে আশা করা যায়।

## অগ্নি নির্বাপক ব্যবস্থা

অগ্নি নির্বাপক ব্যবস্থা সরকারি স্বীকৃতিপ্রাপ্ত করার চেষ্টা চলছে। তবে অগ্নি নির্বাপনে উপযুক্ত জলের ব্যবস্থা আছে।

## বিদ্যালয় থেকে প্রবেশ ও প্রস্থান

প্রতিটি শিশুকে তার অভিভাবক-অভিভাবিকার কাছ থেকে নিয়ে শ্রেনীকক্ষে বসিয়ে দিতে মেট্রনরা সচেষ্ট। ছাড়ার সময়ও প্রতিটি শিশুকে তার অভিভাবক - অভিভাবিকার হাতে দেওয়া হয়। তবে শিশুরা যাতে স্বাবলম্বী হয় সেদিকে খেয়াল রেখে তাদের ব্যাগ ও প্রয়োজনীয় জিনিস নিজেকে বহন করতে শেখানো হয়। অভিভাবক/অভিভাবিকা Class Room-এ প্রবেশ করতে পারবেন না।

## প্রার্থনা সংক্রান্ত




প্রার্থনা সঙ্গীতের মাধ্যমে প্রতিদিনের পাঠ্যক্রম শুরু হয় 10.45 am প্রার্থনা সঙ্গীত শেষে প্রতিদিন বিভিন্ন মহাপুরুষদের বাণী পাঠ করা হয়।

## বিদ্যালয়ের ট্রেনিং বিভাগ সংক্রান্ত

১৯৮৫ সাল থেকে যে ছোট বিদ্যালয়টি অনেক বাবা-মায়ের বুকে আশা জাগিয়ে আসছে সেই বিদ্যালয়টি আজ সপ্তগ্রাম এলাকায় প্রথম সরকার স্বীকৃত Training Institution হিসাবে স্বীকৃতি পেয়েছে। বিদ্যালয়ের এই ট্রেনিং বিভাগ Computer Education Corner নামে ইতিমধ্যে এলাকায় সাড়া ফেলেছে। সরকার স্বীকৃত বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষন দেওয়ার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের Placement এর ও ব্যবস্থা করেছে এই ট্রেনিং বিভাগ। সপ্তগ্রাম এলাকার Unemployed (বেকার) যুবক-যুবতীদের মধ্যে নতুন আশার সঞ্চারিত হয়েছে। বিভিন্ন স্কলারশিপ, সরকার স্বীকৃত সার্টিফিকেট সহ একাধিক সুযোগ সুবিধা পাবে প্রশিক্ষনরত ছাত্র-ছাত্রীরা। যুবক যুবতিদের বর্তমান সময়ের যুগোপযোগী করে তুলতে সর্বসাধারনের জন্য একটি Language Training বিভাগ শুরু করা হচ্ছে। যেখানে Spoken English, Spoken Hindi, Arabic সহ অন্যান্য ভাষা শিক্ষা দেওয়া হচ্ছে। সরকার স্বীকৃত কোর্স যারা করবে তাদের জন্য এই কোর্স এর খরচ খুবই কম। Language Training সংক্রান্ত বিষয়ে জানতে বিদ্যালয় অফিসে যোগাযোগ করুন। বিদ্যালয়ের নিজস্ব Computer Training বিভাগও আছে।

*জীবনে যতই ভাল বই পড় কিংবা ভাল উপদেশ শোনো না কেন, যতক্ষণ না তুমি সেই সবের থেকে পাওয়া তথ্যগুলোকে নিজের জীবনে ব্যবহার না করছো, ততক্ষণ পর্যন্ত সেই সবের কোনও মূল্য নেই।*

## Library / গ্রন্থাগার

বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা শ্রদ্ধেয় আলহাজ্ব  জহুরুল হক হালদার মহাশয়ের স্বপ্নকে বাস্তবায়িত করতে তাঁর নামেই Z.H Memorial Library করা হয়েছে যা বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য সর্বদা ব্যবহার করতে দেওয়া হয়। ঐ লাইব্রেরী সর্বসাধারণের ব্যবহার করার জন্য বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা থাকে। কোনো সহৃদয় ব্যক্তি বিদ্যালয় লাইব্রেরীতে বই দান করলে Library টি আরো সমৃদ্ধ হবে এবং সর্বসাধারণ উপকৃত হবে।




## Teacher's Training

শিক্ষক- শিক্ষিকাই দেশ গঠনের কারিগর। কিন্তু বর্তমান সময়ে আদর্শ শিক্ষক শিক্ষিকার অভাব বোধ করা যাচ্ছে। তাই গুনগত উন্নতমানের ছাত্র-ছাত্রী তৈরী করতে যে মানের শিক্ষক- শিক্ষিকা দরকার তা পূরণ করে সমাজের বৃহত্তর উন্নতিকল্পে চিলড্রেন্স কর্ণার বর্তমানে টিচার্স ট্রেনিং বিভাগ শুরু করেছে। কমপক্ষে মাধ্যমিক পাশ ছাত্র- ছাত্রীদের খুব কম খরচে এই প্রশিক্ষন দিয়ে বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষকতা করার সুযোগ করে দেওয়াই আমাদের উদ্দেশ্য। বিশদে জানতে অফিসে যোগাযোগ করুন।

একজন শিশুকে আদর্শ মানুষ হিসাবে গড়ে তুলতে তার মায়ের ভূমিকা অপরিসীম। মা উচ্চশিক্ষিতা হোক বা কম শিক্ষিতা, তাঁর প্রভাব শিশুর জীবনে সবথেকে বেশী। কথায় বলে 'A good mother is better than hundred teachers' আর ঠিক এই কারনে যে কোন যোগ্যতার মায়েদের নিয়ে এক বিশেষ ট্রেনিং কোর্স শুরু করা হয়েছে। এই কোর্সের মাধ্যমে শেখানো হবে কীভাবে একজন মা সঠিক নির্দেশনার

মাধ্যমে তার সন্তানকে আদর্শ মানুষ হিসাবে গড়ে তুলবেন, কীভাবে সন্তানকে 'দশের এক' সন্তান হিসাবে গড়ে স্বপ্নকে সার্থক করবেন।

## সাইকোলজিক্যাল কাউন্সেলিং বিষয়ক

ছাত্র-ছাত্রীর শারীরিক সুস্থতার পাশাপাশি তাদের মানসিক সুস্থতা ও পড়াশুনায় একাগ্রতা আনতে সাইকোলজিক্যাল কাউন্সেলিং এর ব্যবস্থা করা হয়েছে। সমস্যা অনুযায়ী ছাত্র-ছাত্রীদের উপযুক্ত দিশা দেওয়া হয়। পিছিয়ে পড়া ছাত্রছাত্রী বা ভিন্ন মেরিটের ছাত্রছাত্রীরা এতে দারুনভাবে উপকৃত হচ্ছে।

অভিভাবক-অভিভাবিকাগনও শিশুর সমস্যা বিষয়ে অফিসে জানাতে পারেন। জানালে তা সমাধানের ব্যবস্থা করা হচ্ছে।

যখন আপনি স্বপ্ন দেখা বন্ধ করেন তখন আপনি বেঁচে থাকা বন্ধ করে দেন।

- ম্যালকম ফোর্বস

ছোট্ট একটা বিষয় নিয়ে ভালোভাবে জানতে আপনাকে অবশ্যই বিস্তর পড়াশোনা করতে হবে।

-চার্লস ডি মন্টেস্কুই।

আমরা সবাই পাপী আপন পাপের বাটখারা দিয়ে অন্যের পাপ মাপি !!

- কাজী নজরুল ইসলাম।

